

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/প্রধানমন্ত্রীর কার্যালয়/২০২৬/২১৫৮

তারিখ-২২/০৯/২০২৬খ্রি.

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রেরিত ১৭ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য সেবার মান উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৪৫.০০১.০৬.০০০১.২৬-৪৭, তারিখ- ২৫/০৮/২০২৬ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৭ আগস্ট ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ক্রমিক নং ০৬ নং এর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সরকারী হাসপাতালের ০১ কিলোমিটারের মধ্যে নতুন কোনো ক্লিনিক স্থাপনের অনুমতি প্রদান করা যাবে না এবং একই সাথে উক্ত সীমানার মধ্যে বিদ্যমান ক্লিনিকে কোনো সরকারি হাসপাতালের চিকিৎসক প্র্যাকটিস করতে পারবেন না।

এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং গৃহীত পদক্ষেপ সম্পর্কে নিম্ন স্বাক্ষরকারীকে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন আছে।

সংযুক্তি: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রেরিত ১৭ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য সেবার মান উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণী (৫ পাতা)।



ডাঃ মোঃ নূরুল ইসলাম

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

Email: directorhospital@ld.dghs.gov.bd

কার্যার্থেঃ

১। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল)

২। সিভিল সার্জন (সকল)।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/প্রধানমন্ত্রীর কার্যালয়/২০২৬/২১৫৮

তারিখ-২২/০৯/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।

২। মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।

৩। মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী (দৃঃআঃ বিশেষ সহকারী মহোদয়ের একান্ত সচিব)।

৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।

৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ সহকারী পরিচালক, সমন্বয়)।

৫। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৬। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭। জনাব মোঃ মহিউদ্দিন আল হেলাল, প্রধানমন্ত্রীর এসাইনমেন্ট অফিসার-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

৯। অফিসস্মারক/নং-সিএস/নাট/২৬/ ১৭৪৫ তারিখ: ২৪/০৭/২০২৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১ তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নাটোর।
- ২ উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, সদর/সিংড়া/পুরদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
- ৩ জুনিয়র কনসালটেন্ট, বক্স্যাধি ক্লিনিক, নাটোর।
- ৪ সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক এ্যাসোসিয়েশন, নাটোর জেলা শাখা।
- ৫ দপ্তর নথি।

ডাঃ মোঃ নূরুল ইসলাম

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

Email: directorhospital@ld.dghs.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৪৫.০০১.০৬.০০০১.২৬- ৪৭

তারিখ ০৮ ভাদ্র ১৪০৩

১৫ আগস্ট ২০২৬

বিষয়: কার্যবিবরণী প্রেরণ।

গত ১৭ আগস্ট ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী।


25/08/2026

(মো. মহিউদ্দিন আল হেলাল)

প্রধানমন্ত্রীর এসাইনমেন্ট অফিসার-১

ইমেইল: mohiulhelal@pmo.gov.bd

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী মর্যাদা), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ০৪। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
- ০৭। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৯। সচিব, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ১১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ১২। পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা

অনুলিপি।

- ০১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০২। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: স্বাস্থ্য সেবার মান উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি জনাব তারেক রহমান, এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তারিখ ও সময় ১৭ আগস্ট ২০২৬, বেলা ১১.০০ ঘটিকা
স্থান কক্ষ নম্বর-২০১, ভবন-০১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং দেশের সার্বিক স্বাস্থ্য সেবার মানোন্নয়নে আন্তরিকভাবে ও সমন্বিত উপায়ে কাজ করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে তাগিদ প্রদান করেন। কার্যসূচি অনুযায়ী সভায় ডা. সায়েম মোহাম্মদ (সহযোগী অধ্যাপক, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ও হাসপাতাল) কর্তৃক 'Rise of A Nationalistic, Independent, Intelligent, Universal National Health Care' এবং ডা. মোস্তফা আজিজ সুমন (পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল) কর্তৃক 'বাংলাদেশের স্বাস্থ্য খাত: সংকট থেকে সমাধান' শীর্ষক দুইটি উপস্থাপনা অনুষ্ঠিত হয়। উপস্থাপনা দুইটির উপর আলোচনা শেষে স্বাস্থ্য খাতের ভবিষ্যৎ করণীয় বিষয়ে উপস্থিত সদস্যগণ গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নের সময়সীমা
ক. স্বাস্থ্য সেবা প্রদান ব্যবস্থা ও রেকর্ডেল			
১	সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে পর্যায়ক্রমে ইলেকট্রনিক মেডিকেল রেকর্ড (EMR) পদ্ধতি চালু করতে হবে। প্রাথমিকভাবে জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, জাতীয় গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, জাতীয় নিউরোসায়েন্সেস ইনস্টিটিউট ও হাসপাতাল, জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট এবং কুর্মিটোলা জেনারেল হাসপাতাল-এর পরিচালকগণের সমন্বয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল	৩০ সেপ্টেম্বর ২০২৬

প্রধানমন্ত্রীর কার্যালয়

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নের সময়সীমা
২	০৫টি জেলায় (নরসিংদী, সিরাজগঞ্জ, নোয়াখালী, ঝালকাঠি ও বগুড়া) একটি কার্যকর রেফারেল ব্যবস্থা পাইলট হিসেবে চালু করতে হবে। উপজেলা, জেলা ও উচ্চতর পর্যায়ের হাসপাতালের মধ্যে রোগী প্রেরণ, গ্রহণ ও কাউন্টার রেফারেল-এর সুস্পষ্ট ব্যবস্থা প্রবর্তন করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর <i>CHIRP-C-00</i>	৩০ সেপ্টেম্বর ২০২৬
৩	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অতিরিক্ত রোগীর চাপ হ্রাসের লক্ষ্যে পার্শ্ববর্তী বেসরকারি হাসপাতালসমূহ হতে সেবা ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।	<i>স্বাস্থ্য অধিদপ্তর</i> <i>hospital section</i>	৩০ সেপ্টেম্বর ২০২৬
৪	বেসরকারি হাসপাতালে রোগী প্রেরণ/সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয়তা, রোগীর স্বার্থ, সেবার সক্ষমতা বিবেচনায় একটি বাস্তবভিত্তিক কর্মপদ্ধতি প্রণয়ন এবং উপস্থাপন করতে হবে।	মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	০১ সেপ্টেম্বর ২০২৬
খ. বেসরকারি স্বাস্থ্য খাত তদারকি			
৫	বেসরকারি চিকিৎসা প্রতিষ্ঠানসমূহের জন্য বাধ্যতামূলক লাইসেন্সিং ব্যবস্থা কার্যকর করতে হবে এবং এ কার্যক্রম তদারকির জন্য স্বাস্থ্য অধিদপ্তরে একটি পৃথক সেল গঠন করতে হবে।	স্বাস্থ্য অধিদপ্তর <i>hospital</i>	১৫ সেপ্টেম্বর ২০২৬
৬	সরকারি হাসপাতালের ০১ কিলোমিটারের মধ্যে নতুন কোনো ক্লিনিক স্থাপনের অনুমতি প্রদান করা যাবে না এবং একই সাথে উক্ত সীমানার মধ্যে বিদ্যমান ক্লিনিকে কোনো সরকারি হাসপাতালের চিকিৎসক প্র্যাকটিস করতে পারবেন না। এ বিষয়ে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য অধিদপ্তর <i>hospital</i>	১৫ সেপ্টেম্বর ২০২৬
৭	বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে কর্মরত চিকিৎসকদের জন্য ন্যূনতম বেতন কাঠামো নির্ধারণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬
৮	সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি চিকিৎসা প্রতিষ্ঠানসমূহে প্রতি বছর নির্দিষ্ট সংখ্যক রোগীকে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা প্রদান বাধ্যতামূলক করতে হবে এবং বিষয়টি কার্যকর মনিটরিং-এর আওতায় আনতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬

ক্রমিক	পূর্ণিত বিষয়	ব্যবস্থাপনাকারী কর্তৃপক্ষ	ব্যবস্থাপনের সময়সীমা
৭. চিকিৎসা শিক্ষা ও জনকল উন্নয়ন			
৯	মেডিকেল কলেজসমূহে কমিউনিটি মেডিসিন ও ফরেনসিক মেডিসিনসহ বেসিক সাবস্পেশালিসমূহে শিক্ষক সংকেট নিরসনে অবসরপ্রাপ্ত শিক্ষক ও চিকিৎসকগণকে চুক্তিভিত্তিক যোগে প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	৩০ সেপ্টেম্বর ২০২৬
১০	আনসেসথেসিওলজিস্টের সংকেট নিরসনে ডিপ্লোমা ইন আনসেসথেসিওলজি কোর্সের আসনসংখ্যা বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও মহাপরিচালক, চিকিৎসা শিক্ষা অধিদপ্তর	৩১ আগস্ট ২০২৬
৮. ক্রয় ব্যবস্থাপনা ও সুশাসন			
১১	সরকারি ক্রয় প্রতিষ্ঠান বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সকল পণ্য ও সেবার ক্রয়মূল্য জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা করতে হবে। প্রাথমিক পর্যায়ে ০৩টি প্রতিষ্ঠানে (ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট, সেরহলওয়ার্দি মেডিকেল কলেজ হাসপাতাল) এ ব্যবস্থা চালু করা যেতে পারে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	১৫ সেপ্টেম্বর ২০২৬
১২	স্বাস্থ্য ক্ষেত্রে সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৌশলগত ক্রয় (Strategic Purchasing) পদ্ধতি প্রবর্তনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬
১৩	নির্ধারিত মোট ৫০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবাগ্রহীতাদের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য অভিযোগ প্রতিকার কেন্দ্র পাইলট ভিত্তিতে চালু করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর	১৫ সেপ্টেম্বর ২০২৬
১৪	স্বাস্থ্য প্রতিষ্ঠানের সেবার মান ও কার্যক্রম পর্যবেক্ষণের জন্য অবসরপ্রাপ্ত চিকিৎসক, শিক্ষক, সিভিল সার্ভেন্ট ও অন্যান্য পেশাজীবীদের সহযোগে ০৩টি জেলার পাইলট ভিত্তিতে ডিজিটাল টিম গঠন করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	১৫ সেপ্টেম্বর ২০২৬
৯. স্বাস্থ্যকর্মীর সুরক্ষা			
১৫	স্বাস্থ্য কর্মীদের সুরক্ষা প্রদানের লক্ষ্যে আইন প্রণয়নসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬

ক্রমিক	পৃথক নিষ্পত্তি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নের সময়সীমা
১৬	মহাখালীস্থ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে সেখানে পুলিশ ক্যাম্প স্থাপন এবং নিরাপত্তা কুঁকি সৃষ্টিকারী দোকান/অবকাঠামোসমূহ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬
চ. বিবিধ			
১৭	বিদ্যমান নিরাপদ রক্ত পরিসংকলন কর্মসূচি শক্তিশালীকরণের লক্ষ্যে একটি পৃথক প্রকল্প গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর	৩০ সেপ্টেম্বর ২০২৬
১৮	ডায়াগনস্টিক কিট, নেবুলাইজার, মেডিকেল গ্লাভস, রিএজেন্ট, সিরিঞ্জসহ প্রয়োজনীয় চিকিৎসা পণ্যের দেশীয় উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬
১৯	স্বাস্থ্য কুঁকি তৈরি করে এমন শিল্প কারখানার উপর কর আরোপ করে আদায়কৃত অর্থ স্বাস্থ্য খাতের উন্নয়নে ব্যয় করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬
২০	প্রবাসে অবস্থানরত রেমিট্যান্স যোদ্ধাদের চিকিৎসা সেবা নিশ্চিতের লক্ষ্যে কর্মপন্থা নির্ধারণ করতে হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়	৩০ সেপ্টেম্বর ২০২৬

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(২৪ আগস্ট ২০২৬)

মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার